

# Times Today BD

বাংলাদেশ | 27 March, 2025

পবিত্র ঈদুল ফিতরে টানা ছুটির সময়েও পুলিশ ও আইনশৃঙ্খলা বাহিনী অ্যালার্ট থাকবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব নাসিমুল গনি। বৃহস্পতিবার (২৭ মার্চ) দুপুরে সচিবালয়ে গণমাধ্যমকর্মীদের সঙ্গে আলাপকালে এমনটা জানান তিনি।

স্বরাষ্ট্র সচিব বলেন, ঈদের ছুটিতে সবকিছুর জন্য পুলিশ ও আইনশৃঙ্খলা বাহিনী অ্যালার্ট থাকবে। বিপুল সংখ্যক মানুষ গ্রামে যাবেন। তাদের যাত্রা নিবিঘ্ন করার চেষ্টা চলছে। আশা করি, অনাকাঙ্ক্ষিত কিছু ঘটবে না।

আইনশৃঙ্খলা বাহিনী ঈদের ছুটির সময়টায় অনেক সতর্কতার মধ্যে থাকবে উল্লেখ করে তিনি বলেন, মহাসড়কের নিরাপত্তার জন্য বাড়তি ব্যবস্থা নেয়া হয়েছে। ট্রিপল নাইন নম্বরে কল দিলে সঙ্গে সঙ্গে রেসপন্স করে। আশা করি, আল্লাহ রহমতের চাদরে ঢেকে রাখবেন এবং আমরা নিরাপদ থাকবো।

পুলিশ সদস্য মহাসড়ক স্বরাষ্ট্র মন্ত্রণালয়

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 17:42

URL: <https://timestodaybd.com/bangladesh/83775807>